ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৮৫
সোনামুড়া, ৯ সেপ্টেম্বর, ২০২৫

**১২ সেপ্টেম্বর থেকে ৩ দিনব্যাপী নীরমহল জল উৎসব**

ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম, তথ্য ও সংস্কৃতি দপ্তর, সিপাহীজলা জেলা প্রশাসন এবং মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে ৩ দিনব্যাপী নীরমহল জল উৎসব আগামী ১২ সেপ্টেম্বর থেকে রাজঘাট মুক্ত মঞ্চে শুরু হবে। তা চলবে আগামী ১৪ সেপ্টেম্বর পর্যন্ত। এ উপলক্ষে ১২ এবং ১৩ সেপ্টেম্বর দুপুর ২ টা থেকে অনুষ্ঠান মঞ্চে অনুষ্ঠিত হবে রাজ্যভিত্তিক মানসামঙ্গল প্রতিযোগিতা, ১৪ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে দলগত মহকুমাভিত্তিক যোগা প্রতিযোগিতা, দুপুর ১২ টা থেকে রুদ্রসাগরে রাজ্যভিত্তিক সাঁতার প্রতিযোগিতা, দুপুর ২ টা থেকে নৌকা বাইচ প্রতিযোগিতা ইত্যাদি অনুষ্ঠিত হবে। ৩ দিনব্যাপী নীরমহল জল উৎসবের প্রতিদিন সন্ধ্যায় অনুষ্ঠান মঞ্চে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

*****